

‘বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০২০’ এ অংশগ্রহন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী এবং মুজিব বর্ষ উদযাপন উপলক্ষে দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে ‘বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০২০’ অনুষ্ঠিত হবে।

এই উপলক্ষে ১২ মার্চ ২০২০-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ফুটবল দল উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রাক্কালে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে সৌজন্য সাক্ষাত করে। এসময় প্রক্টর ড. মোস্তফা কামাল, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান সহ শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।